# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية | এই নথি বা ডক্যুমেন্টটি বাংলায় দেখুন | 查看本文件的中文版
Consultez ce document en français | Gade dokiman sa a an kreyòl ayisyen | 이 문서를 한국어로 보기
Consulte este documento en español | یہ دستاویز اردو میں ملاحظہ کریں | Перевод документа на русский язык

schools.nyc.gov/MessagesForFamilies

## 2025 জুন

পরিবারের জন্য এই হালনাগাদকৃত তথ্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) 2024–25 শিক্ষা বছরের সমাপ্তি, সামার রাইজিং, সামার স্কুল, সামারে খাবার, পাবলিক স্কুলস্ অ্যাথলেটিক লীগ-এর ((PSAL) সামার প্রোগ্রামসমূহ, এবং সামার রিডিং সহায়তায় বিভিন্ন তথ্য-সংস্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

## বিষয়সূচি


- 2024–25 শিক্ষা বছরের সমাপ্তি
- সামার রাইজিং
- সামার স্কুল
- সামার মিলস (গ্রীষ্মে প্রদত্ত খাবার)
- সামার রিপোর্টস্
- সামার রিডিং (গ্রীষ্মে বই পড়া)


## 2024–25 শিক্ষা বছরের সমাপ্তি

স্কুলের শেষ দিন হলো **বৃহস্পতিবার, 26 জুন, 2025!** রিজেন্টস্ পরীক্ষাগুলো কখন অনুষ্ঠিত হবে এবং স্বীকৃত কোন কোন ছুটির দিনে স্কুলগুলো বন্ধ থাকবে তা সহ জুনের গুরুত্বপূর্ণ তারিখগুলোর জন্য schools.nyc.gov/calendar দেখুন।

## সামার রাইজিং

একটি গ্রীষ্মকালীন শেখার অভিযানের জন্য প্রস্তুত হোন! সকল অংশগ্রহণকারীর জন্য সামার রাইজিং **2 জুলাই** থেকে শুরু হবে, এবং প্রতি সোম থেকে শুক্রবার, 8 a.m. থেকে 6 p.m পর্যন্ত চলবে। প্রোগ্রামটি K–5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য 15 অগাস্ট এবং 6–8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য 8 অগাস্ট শেষ হবে। **স্বাধীনতা দিবস উপলক্ষ্যে সামার রাইজিং শুক্রবার, 4 জুলাই, 2025, বন্ধ থাকবে।**

যদি আপনি মে মাসের 8 তারিখের মধ্যে সামার রাইজিং অফারটি গ্রহণ করে থাকেন, আপনি প্রোগ্রামের প্রথম দিনের আগ পর্যন্ত আরও তথ্য পাবেন। এছাড়াও আপনি সকল প্রোগ্রামের বিস্তারিত বিষয়ে হালনাগাদ থাকতে schools.nyc.gov/SummerRising দেখতে পারেন।

## সামার স্কুল

প্রতি মে এবং জুন মাসে, শিক্ষার্থীরা পরবর্তী গ্রেড লেভেলের জন্য প্রস্তুত কিনা তা নির্ধারণ করতে শিক্ষকগণ তাদের অগ্রগতি মূল্যায়ন করেন। যেসব শিক্ষার্থী এখনও যথেষ্ট অগ্রগতি অর্জন **করেনি** তাদের পরিবারদেরকে **জুন মাসের মাঝামাঝি** চিঠির মাধ্যমে অবহিত করা হবে।
যদি আপনার শিক্ষার্থী 3-8 গ্রেডে পড়ছে এবং জুন মাসে প্রোমোশন না পায়, তবে তার জন্য সামার স্কুলে অংশগ্রহণ করা আবশ্যক। যদি আপনার শিক্ষার্থী সামার রাইজিং-এ আসন না পায়, তবে সে শুধুমাত্র শিক্ষায়তনিক (অ্যাকাডেমিক) অংশে যোগ দেবে। চিঠিতে তারিখ ও সময় সংক্রান্ত বিস্তারিত নির্দেশাবলী থাকবে। সামার স্কুল শেষে, স্কুল শিক্ষার্থীর পরবর্তী বছরের গ্রেড স্তরের বিষয়ে একটি চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

---

## সামার মিলস (গ্রীষ্মে প্রদত্ত খাবার)

যখন স্কুল ছুটি থাকে, তখনও শিক্ষার্থীরা বিনামূল্যে ব্রেকফাস্ট এবং লাঞ্চ উপভোগ করতে পারে! 27 **জুন থেকে** 29 **অগাস্ট** পর্যন্ত, NYCPS-এর 'ফ্রি সামার মিলস্' (গ্রীষ্মে বিনামূল্যে খাবার) প্রোগ্রাম নিউ ইয়র্ক সিটি জুড়ে যেকোনো 18 বছর বা এরচেয়ে কম বয়সীকে বিনা খরচে খাবার প্রদান করে। এই খাবার নির্ধারিত NYC-এর বিভিন্ন পাবলিক স্কুল, কমিউনিটি পুল সেন্টার, পার্ক এবং লাইব্রেরিতে পাওয়া যাবে। আপনাকে আগে থেকে সাইন আপ বা কোনো পরিচয়পত্র দেখাতে হবে না—শুধু একটি সামার মিলস্ সাইটে চলে আসুন এবং খাবার উপভোগ করুন। তারিখ, স্থান, সময়, এবং মেন্যু পরিবর্তিত হতে পারে; সর্ব-সাম্প্রতিক তথ্যের জন্য **schools.nyc.gov/summermeals** দেখুন।

- **কার্য-পরিচালনার তারিখসমূহ:** শুক্রবার, 27 জুন – শুক্রবার, 29 অগাস্ট, 2025 (শুক্রবার, 4 জুলাই, 2025 *কোনো পরিষেবা* দেয়া হবে না)
- **কার্য-পরিচালনার সময়:** ব্রেকফাস্ট পরিবেশন, 8–9:15 a.m. | লাঞ্চ পরিবেশন, 11 a.m.–1:15 p.m.

---

## PSAL হাই স্কুল সামার স্পোর্টস্, ফিটনেস, অ্যান্ড রিক্রিয়েশন প্রোগ্রাম

এই সামারে, NYCPS-এর যেসব শিক্ষার্থী 2025-এর হেমন্তে 9–12 গ্রেডে প্রবেশ করবে তারা পাবলিক স্কুলস্ অ্যাথলেটিক লীগ (PSAL) হাই স্কুল সামার স্পোর্টস্, ফিটনেস, অ্যান্ড রিক্রিয়েশন প্রোগ্রামে রেজিস্টার করতে পারবে! অংশগ্রহণকারীগণ পাঁচ বরো জুড়ে বিভিন্ন নির্ধারিত সাইটে বিনা খরচে খেলাধুলার প্রশিক্ষণ, নির্দিষ্ট স্পোর্টস্-এ দক্ষতা অর্জন, এবং বিনোদন কর্মকাণ্ড উপভোগ করতে পারবে। প্রোগ্রামটি **সোমবার থেকে শুক্রবার, বিকেল 3–6 p.m.** পর্যন্ত সময়ে, দুটি পৃথক অধিবেশনে চলবে:

- **অধিবেশন (সেশন) 1:** 14 জুলাই – 29 জুলাই
- **অধিবেশন (সেশন) 2:** 30 জুলাই – 14 অগাস্ট

শিক্ষার্থীরা **psal.org/events-and-standings/summer.aspx** -ঠিকানায় 2025-এর গ্রীষ্মকালীন (সামার) প্রোগ্রাম সম্পর্কে বিস্তারিত তথ্য খুঁজতে এবং রেজিস্টার করতে পারে। শিক্ষার্থীরা নিয়মিত শিক্ষা বছরে যেখানেই নথিভুক্ত থাকুক না কেন, যেকোনো PSAL সামার সাইটে রেজিস্টার করতে পারে। তবে, শিক্ষার্থীদের প্রতি অধিবেশনের জন্য শুধু একটি সাইট এবং প্রোগ্রাম বেছে নেয়া উচিত।

---

## সামার রিডিং (গ্রীষ্মে বই পড়া)

পড়া অন্য যেকোনো দক্ষতার মতোই: অনুশীলন করতে হয়! গ্রীষ্ম জুড়ে, আপনার সন্তানের সাথে একসাথে বই পড়া তার সাক্ষরতার দক্ষতা বিকাশ অব্যাহত রাখবে এবং ক্লাসরুম থেকে দূরে থাকার সময় তারা যা ভুলে যাচ্ছে তা এড়াতে সহায়তা করতে পারে।
এই সামারে, সোরা-তে (Sora) অবস্থিত NYCPS-এর সিটিওয়াইড ডিজিটাল লাইব্রেরি থেকে বহুবিধ ভাষার হাজারো ই-বুক এবং অডিওবুক অন্বেষণ করুন। আপনার NYCPS ক্রেডেনশিয়াল (পরিচয়মূলক তথ্য) ব্যবহার করে **soraapp.com/library/nycschools** -ঠিকানায় সোরা-তে (Sora) লগ ইন করুন।
আপনি বাড়িতে পড়ার জন্যও বিভিন্ন পরামর্শ, সকল গ্রেড স্তরের শিক্ষার্থীদের জন্য সুপারিশকৃত বই, বাড়ির জন্য কর্মকাণ্ড, আমাদের সামার রিডিং গাইড, এবং আরও অনেক কিছু **schools.nyc.gov/LiteracyResources** -এ পেতে পারেন।